কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা কবিতা/গল্প
সংবাদপত্রে প্রকাশিত করতে
যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ

EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



হলি ডে
হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল/রিসোর্ট :-** তারাপীঠ,দিঘা ,পুরী, চিলকা, দার্জিলিং,আন্দামান । **হোম স্টে :-** আলিপুরদুয়ার। **বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর। বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: 9062867921 ।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 12 OCTOBER 2025 ,SUNDAY | ১২ অক্টোবর ২০২৫ ,রবিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-416


## হাওড়া ও বালির পুরভোট অনিশ্চিত




এই যুগ , হাওড়া, ১১ অক্টোবর : বছর ঘুরলেই রাজ্যে বিধানসভা নির্বাচন , কিন্তু হাওড়া ও বালি পুরভোট নিয়ে কৌতুহল বেড়েই চলেছে। রাজ্যপাল সিভি আনন্দ বোস হাওড়া ও বালি পুরসভার পৃথকীকরণ বিলে সই করার পরেও অনিশ্চিত দুই পৌরসভার নির্বাচন । একসময় রাজ্যপাল বিলে সই না করার জন্যই আটকে গিয়েছিল হাওড়া ও বালির পুরভোট। যদিও বেশ কয়েক মাস আগেই রাজ্যের রাজ্যপাল সিভি আনন্দ বোস সেই বিলে সই করে দিলেও দুই পুরসভার ভোট নিয়ে এখনও অনিশ্চয়তার মেঘ । একাধিক রাজনৈতিক বিশেষজ্ঞদের মতে করছেন, সামনেই রাজ্যে বিধানসভা ভোট , সেইজন্য হয়তো হাওড়া ও বালিতে এই দুই পুরভোটের সম্ভাবনা খুবই কম। হাওড়া ও বালি পুরসভার দীর্ঘদিন পুরভোট না হওয়ায় এই মুহূর্তে কোনও নির্বাচিত পুরবোর্ড নেই এই দুই পুরসভায় । এর বদলে দুই পুরসভাতেই প্রশাসক নিয়োগ করেছে রাজ্য সরকার। ফলে ওয়ার্ডে কোনও নির্বাচিত কাউন্সিলার নেই।এই চরম ভোগান্তিতে সাধারণ মানুষ। কাউন্সিলর না থাকায় এলাকায় বহু সমস্যার সমাধান হচ্ছে না। এই দুই পুর সভার বাসিন্দা দের মতে বিধানসভার পাশাপাশি এই দুই পুরসভায় নির্বাচন হলে সাধারণ মানুষের উপকার হবে ।

## উদ্ধার আগ্নেয়াস্ত্র সহ গুলি, গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মুর্শিদাবাদ, ১১ অক্টোবর : মুর্শিদাবাদ জেলা পুলিশের রানীনগর থানার পুলিশ গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে শুক্রবার রাতে থানা এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় দুটি আগ্নেয়াস্ত্র ও এক রাউন্ড গুলি। পুলিশ আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে তার বিরুদ্ধে অস্ত্র আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে ও শনিবার আদালতে পেশ করে। ধৃতের নাম ঠিকানা গোপন রেখে পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে এবং অস্ত্র কারবারে আরও কেউ জড়িত আছে কিনা সেসব বিষয় খতিয়ে দেখছে।

## দুয়ারে সরকার শিবির পরিদর্শনে রাজ্যসভার সাংসদ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ১১ অক্টোবর : শনিবার কুমারগ্রাম ব্লকের কুমারগ্রাম গ্রাম পঞ্চায়েতের মধ্য হলদিবাড়ি মৌজার বিত্তিবাড়িতে বিশেষ দুয়ারে সরকার শিবির অনুষ্ঠিত হল। এদিন দুয়ারে সরকার শিবির পরিদর্শন করেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইক। তাঁর সঙ্গে ছিলেন কুমারগ্রাম ব্লকের বিডিও রজতকুমার বলিদা, কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সভাপতি জুলি লামা, পঞ্চায়েত সমিতির সহকারী সভাপতি জয়প্রকাশ বর্মন সহ অন্যরা। জানা গিয়েছে, এদিনের শিবিরে গ্রামের বাসিন্দাদের রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প গুলির পরিষেবা প্রদান করা হয়েছে। শিবিরে সকাল থেকেই সাধারণ মানুষের ভিড় লক্ষ্য করা যায়। উল্লেখ্য, গত রবিবার বিত্তিবাড়ি গ্রামে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছিল। যদিও পরে বন্যা পরিস্থিতি স্বাভাবিক হয়েছে। রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বড়াইক বলেন, 'বিত্তিবাড়ির মানুষদের জন্য বিশেষ দুয়ারে সরকার ক্যাম্প করা হল। আমরা মানুষের পাশে রয়েছি।'

## বন কর্মীদের যত্নে সুস্থ হচ্ছে বন্যার কবল থেকে উদ্ধার করা পনেরো দিন বয়সী হস্তী শাবক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১১ অক্টোবর : উত্তরবঙ্গের সাম্প্রতিক বন্যার সময় বন কর্মীরা তোর্সা নদী থেকে উদ্ধার করেন পনেরো দিন বয়সী এক মাদী হস্তী শাবককে। শাবকটি জলের তোড়ে ভেসে যাচ্ছিলো। উদ্ধার করে শাবকটিকে নিয়ে আসা হয় জলদাপাড়া রেস্কিউ সেন্টারে। সেখানেই বন কর্মীদের যত্ন ও সুশ্রুষায় সুস্থ হয়ে উঠছে আতঙ্কিত হস্তী শাবকটি। বন কর্মীরা জানান শাবকটি জলের তোড়ে ভেসে যাচ্ছিলো এবং সেটি আতঙ্ক গ্রস্ত হয়ে অসুস্থ হয়ে পড়েছিলো। এখন শাবকটি অনেকটাই সুস্থ।

# শ্রমিকদের বকেয়া না মিটিয়ে পালিয়ে গেছে ঠিকাদার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : অক্লান্ত পরিশ্রম করেও ন্যায্য পাওনা থেকে বঞ্চিত হয়েছেন শ্রমিকরা। অবশেষে শ্রমিকরা পুলিশের দ্বারস্থ হয়েছেন শনিবার রাত নটা নাগাদ। মহাসড়ক তৈরীর জন্য ২৭ জন শ্রমিক মহাকাল চৌপথী এলাকায় এক ঠিকাদারের অধীনে কাজ করেছিলেন। হঠাৎই ঠিকাদার ওই এলাকা ছেড়ে চলে যায়। নতুন ঠিকাদার এসে কাজে যোগদান করে। কিন্তু শ্রমিকদের বকেয়া ৩ লাখ ৪০ হাজার টাকা কোনোভাবেই মেটাতে রাজি নন নতুন ঠিকাদার। বাধ্য হয়ে পুলিশের দারস্ত হয়েছেন তারা শনিবার রাতে। তাদের কাছ থেকে জানা গেছে মিস্ত্রির মজুরি ছিল ৮০০ টাকা এবং শ্রমিকের মজুরি ছিল ৫০০ টাকা। রোদ বৃষ্টি ঝড়ে ধুলোবালিতে কাজ করেছেন শ্রমিকরা কিন্তু তাদের ন্যায্য পাওনা থাকে বঞ্চিত হয়েছেন তারা। ঠিকাদারের বিরুদ্ধে অভিযোগ দায়ের এর পাশাপাশি আন্দোলনের হুমকি দিয়েছেন শ্রমিকরা। যেকোনো সময় স্তব্ধ হয়ে যেতে পারে ৩১ নম্বর জাতীয় সড়কে যান চলাচল স্পষ্ট ভাবে জানিয়ে দিয়েছেন শ্রমিকরা শনিবার রাতে।

# গাছবাগান কেটে দিল রাতের অন্ধকারে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : রাতের অন্ধকারে দুষ্কৃতীরা চারা গাছের বাগান কেটে দিল তাই নিয়ে অভিযোগ দায়ের হয়েছে শামুকতলা থানায় শনিবার বিকেল চারটে নাগাদ। পুলিশ অভিযোগের পরিপ্রেক্ষিতে তদন্তের আশ্বাস দিয়েছে। শামুকতলা থানার মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের বড় চৌকির বস এলাকার বাসিন্দা শিবেন্দ্র দাসের চারা গাছের বাগান কেটে দিয়েছেন রাতের অন্ধকারে। বাড়ি থেকে বেশ কিছুটা দূর তার চারা গাছের বাগান। শনিবার বেলা আটটা নাগাদ তার চারা গাছ বাগানের পার্শ্ববর্তী জমির মালিক বিষয়টি লক্ষ্য করার পরেই তাকে জানানো হয়। এরপরেই তিনি তার বাগানে গিয়ে দেখেন বাগানে লাগানো ছোট গাছগুলি রাতের অন্ধকারে কেটে দিয়েছে। শনিবার বিকেল চারটা নাগাদ তিনি পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন। পুলিশ তদন্তের আশ্বাস দিয়েছে।

# লিপি

সৌরভ দত্ত

বইয়ের প্রথম জন্ম খাতার পাতাতে,
তারও আগে লেখকের মাথাতে;
প্রকৃত জন্ম রসিক পাঠকের অন্তরে,
যেখানে ধারণাগুলো জীবন্ত হয়ে---
জীবনের কড়চায় ছাপ ছাড়ে।



বউ জন্মায় সিঁদুরের আলাপে,
শৈশব ঘোঁচে মা হবার পর,
সে যুবতী হয়ে ওঠে---
সংসারের সব চাবির ন্যায্য ব্যবহারে;
সে নারী হয়ে উঠলে প্রায় ঈশ্বর।

সরস্বতী পুজোর আয়োজনে পুরুষের জন্ম,
প্রথম প্রেমের ধাক্কায় তার শৈশব টুটে যায়,
বাবা হবার মাত্র বছর পাঁচেক পরে পুরুষ সাবালক হয়;
আসলে পুরুষকে আকাশ মনে হলেও সে শূন্য,
ব্যবসায়ীদের, যোদ্ধাদের আগ্রাসী ভাষার মতো ছড়িয়েছে কেবল;
পৃথিবীর তিন ভাগ জল,
পুরুষের এক ভাগ---
সেটুকুও পরিশ্রুত করতে---
বই ও বউ খুঁটিয়ে পড়াই অন্যতম সম্বল।।



# কোচবিহারে ভাঙ্গন বিজেপিতে, কোচবিহার দক্ষিন মন্ডল যুব মোর্চার সভাপতি সহ কয়েকজন যোগ দিলেন তৃণমূলে



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, কোচবিহার, ১১ অক্টোবর : ছাব্বিশে বিধানসভা নির্বাচনের আগে বিজেপিতে ভাঙ্গন কোচবিহারে। শনিবার বিকালে কোচবিহারে তৃণমূল জেলা কার্যালয়ে এসে তৃণমূলে যোগ দিলেন বিজেপির কোচবিহার শহর দক্ষিণ মন্ডল যুব মোর্চার সভাপতি শুভম দে সরকার সহ আরো কয়েকজন। তৃণমূলের জেলা সভাপতি অভিজিত দে ভৌমিক, তৃণমূল যুব জেলা সভাপতি স্বপন বর্মন,সহ সভাপতি সায়নদীপ গোস্বামী সহ অন্যান্যরা এই যোগদান কর্মসূচিতে উপস্থিত ছিলেন। শুভম দে সরকার সহ অন্যান্য যোগদানকারীদের হাতে দলীয় পতাকা তুলে দেন জেলা তৃণমূল সভাপতি অভিজিত দে ভৌমিক। তিনি জানান এদিন কোচবিহার শহর দক্ষিণ মন্ডল যুব মোর্চার সভাপতি শুভম দে সরকার সহ যুব মোর্চার বিশাল দাস, শুভম মন্ডল, নয়ন শীল, বাবু ধর,আতোয়ার রহমান,আশু সুত্রধর, মোস্তাক হোসেন, আসিফ রহমান,রাজু, রবি বর্মনরা তৃনমূলে যোগ দেন। এদের যোগদান তৃণমূলকে জেলায় আরও শক্তিশালী করবে। বিজেপির যুব সংগঠন যুব মোর্চা কেন ছাড়লেন এই প্রশ্নের জবাবে শুভম দে সরকার জানান সাম্প্রতিক বন্যা পরিস্থিতিতে কোচবিহারের কোনো বিজেপি বিধায়কের দেখা পাওয়া যায়নি। এরা বন্যার্ত মানুষের পাশে দাঁড়ায়নি সেই ক্ষোভেই তিনি ও তার সহকর্মীরা যুব মোর্চা ত্যাগ করে তৃণমূলে যোগ দিলেন।

# বাস চালককে মারধর , বন্ধ যান চলাচল




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : নিরাপত্তা হীনতায় ভুগছেন আলিপুরদুয়ার থেকে জয়গাঁ গামী বাসের চালকরা। অনির্দিষ্ট কালের জন্য আলিপুরদুয়ার থেকে জয়গাঁ গামী বাস চালানো বন্ধ করে দিলেন বাস চালকরা এমনটাই জানা গেছে শনিবার বেলা বারোটা নাগাদ। গত বৃহস্পতিবার হ্যামিল্টনগঞ্জ এলাকায় এক বাস চালককে বেধরক ভাবে মারধর করে এলাকার মস্তান বাহিনী। বিষয়টি নিয়ে গতকাল শুক্রবার কালচিনি থানায় অভিযোগ দায়ের করা হয়। যতক্ষণ পর্যন্ত অভিযুক্তদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া না হবে ততক্ষণ পর্যন্ত তারা গাড়ি চালাবেন না এমনটাই জানা গেছে তাদের সঙ্গে কথা বলে।

# শিশু কন্যা দিবস উপলক্ষে প্রশিক্ষণ শিবির ডুয়ার্স কন্যায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : জেলা পঞ্চায়েত রুরাল ডেভেলপমেন্ট অফিস পক্ষ থেকে আজ শিশু কন্যা দিবস পালন করা হল ও শিশু কন্যা ও নারীদের বিভিন্ন সমস্যা, নারী পাচার রোধ এসমস্ত বিষয়ে এক সচেতনতা শিবির আয়োজন করা হয়। সমাজে এখন ও কিছু কিছু ক্ষেত্রে নারী ও পুরুষের মধ্যে ভেদাভেদ করা হয়। ঘরে শিশু কন্যা জন্ম গ্রহণ করলে তাকে অন্য নজরে দেখা হয় এই সমস্ত বিষয়ে আলোচনা হয়। এছাড়া নারী পাচার রুখতে কি কি করণীয় এই সব বিষয়ে আলোচনা করা হয়।

# রান্নাঘর থেকে বৃদ্ধের ঝুলন্ত দেহ উদ্ধার




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : এক বৃদ্ধের আত্মহত্যা নিয়ে চাঞ্চল্য ছড়িয়েছে কুমারগ্রাম দুয়ারে। শনিবার কুমারগ্রাম ব্লকের বারবিশার পূর্ব চকচকা এলাকায় বাড়ির রান্নাঘর থেকে উদ্ধার হল এক বৃদ্ধের ঝুলন্ত দেহ। জানা গিয়েছে, মৃতের নাম গৌরাঙ্গ তালুকদার, বয়স ৭৫। এদিন সকালে বাড়ির রান্নাঘরে গৌরাঙ্গ তালুকদারকে ঝুলন্ত অবস্থায় দেখা যায়। খবর পেয়ে ওই বাড়িতে আসে বারবিশা ফাঁড়ির পুলিশ। পুলিশ সবদিক খতিয়ে দেখে ঝুলন্ত দেহ উদ্ধার করে। এরপর মৃতদেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠায় পুলিশ। এদিন বিকেল নাগাদ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে দেহের ময়নাতদন্ত হয়েছে। বারবিশা ফাঁড়ির পুলিশ জানিয়েছে, একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে।

# আলিপুরদুয়ার পৌরসভার পক্ষ থেকে ত্রান বিতরণ



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১১ অক্টোবর : আলিপুরদুয়ার পৌরসভার অন্তর্গত ১৭ নং ওয়ার্ডের কাউন্সিলর তথা ভাইস চেয়ারপার্সন মাম্পি অধিকারী এবং ১৭ নম্বর ওয়ার্ড তৃণমূল কংগ্রেস কমিটির উদ্যোগে জলদাপাড়ার নতুন পাড়া এলাকায় বন্যা কবলিত মানুষদের কিছু সাহায্য করা হলো। এখানে প্রায় ২০০ টি পরিবারের খাদ্য সামগ্রী, পানীয় জল, ব্লিচিং পাউডার, ফিনাইল, সার্ফ সাবান প্রয়োজনীয় কিছু ঔষধ এবং বাচ্চাদের জামাকাপড় দিয়ে তাদের সাহায্য করা হলো।

# ফের নাগরাকাটায় গিয়ে ত্রান বিলি করলেন শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, জলপাইগুড়ি, ১১ অক্টোবর : চলতি মাসের ছয় তারিখ জলপাইগুড়ি জেলার নাগরাকাটা ব্লকে বন্যা পরিস্থিতি খতিয়ে দেখতে গিয়ে একদল দুষ্কৃতির দ্বারা আক্রান্ত হয়েছিলেন মালদহ উত্তরের বিজেপি সাংসদ খগেন মুর্মু ও শিলিগুড়ির বিজেপি বিধায়ক শংকর ঘোষ। দুজনেই আহত হয়ে ভর্তি হন শিলিগুড়ির একটি বেসরকারি হাসপাতালে। বিধায়ক শংকর ঘোষ দুদিন আগে ছাড়া পান হাসপাতাল থেকে তবে হাতে ব্যান্ডেজ রয়েছে। সাংসদ খগেন মুর্মু এখনও চিকিৎসাধীন আছেন। হাসপাতাল থেকে ছাড়া পেয়েই হাতে ব্যান্ডেজ নিয়েই বিধায়ক নেমে পড়েন ত্রান সংগ্রহে। ত্রান সংগ্রহকরে শনিবার নিধায়ক শংকর ঘোষ দুই গাড়ি ত্রান সামগ্রী নিয়ে নাগরাকাটায় যান ও সেখানকার বন্যা কবলিত পাঁচশো মানুষের হাতে ত্রাণ সামগ্রী তুলে দেন। তার সাথে ছিলেন নাগরাকাটার বিজেপি।বিধায়ক পুনা ভেংরা ও দলের অন্যান্য কার্যকর্তাগন। বিধায়ক জানান আক্রান্ত হয়েও তিনি ফের নাগরাকাটায় ত্রান বিলি করতে এসেছেন কারন রাজ্যের শাসকদল ত্রান বিলিতে দলবাজি করছে। তারা বেছে বেছে বিজেপি কর্মী সমর্থকদের বাদ দিয়ে ত্রান বিলি করছে। ত্রান বিলিতে এই বৈষম্য করা উচিত নয় বলেও তিনি মন্তব্য করেন।

# আলিপুরদুয়ার এর বন্যা কবলিত এলাকায় ফসলের জমিতে ডলোমাইটের প্রভাব খতিয়ে দেখতে তিন সদস্যের বিশেষজ্ঞ দল



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১১ অক্টোবর : সাম্প্রতিক বন্যায় আলিপুরদুয়ার জেলার বিভিন্ন এলাকায় ফসলের জমিতে ডলোমাইটের প্রভাব খতিয়ে দেখতে শনিবার জেলায় এসেছেন তিন সদস্যের বিশেষজ্ঞ দল। জানা গেছে বিধান চন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মৃত্যুঞ্জয় ঘোষ এর নেতৃত্বে দলে রয়েছেন অধ্যাপক নীহারেন্দু সাহা, ও ডক্টর শীধু মুর্মু। উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার এর বিধায়ক সুমন কাঞ্জিলাল, আলিপুরদুয়ার জেলা সহ কৃষি অধিকর্তা সর্বেশ্বর মন্ডল। বিধায়ক জানান এদিন বিশেষজ্ঞ দলটি আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শালকুমারহাট এক ও দুই নম্বর অঞ্চলে যান ও ডলোমাইটে ক্ষতিগ্রস্ত ফসলের জমি থেকে পলির নমুনা সংগ্রহ করেন। এই নমুনা পরীক্ষা করে তারা দেখবেন জমিও ফসলের উপর ডলোমাইটের প্রভাব কতখানি। তিনি আরও জানান ভুটান পাহাড় থেকে উৎপন্ন ডুয়ার্সের নদীগুলি ভুটানে বৃষ্টি হলেই জলবাহিত ডলোমাইট মিশ্রিত পলি বয়ে নিয়ে আসে আর সেই পলি ফসলের জমিতে পড়ে ব্যপক ক্ষতির কারন হয়ে দাঁড়ায়। বিশেজ্ঞদের পরীক্ষার পর জানা যাবে ফসল ও জমির ওপর ডলোমাইটের প্রভাব।কতটা। সেভাবে পরিকল্পনা গ্রহন করা হবে জমিগুলির উর্বরতা পুনরুদ্ধারের জন্য। তিনি আরও জানান শুক্রবার পঞ্চায়েত মন্ত্রী আলিপুরদুয়ার এ আসেন। তিনি বন্যা কবলিত এলাকায় গিয়ে কৃষকদের থেকে ডলোমাইটের দ্বারা জমি ও ফসলের ক্ষতির কথা জানতে পেরে মুখ্যমন্ত্রীকে বিষয়টি জানান আর মুখ্যমন্ত্রীর নির্দেশেই বিশেষজ্ঞ দল গঠন করে আলিপুরদুয়ারে পাঠানো হয়।


## হলি ডে হোম বুকিং

দর্শনীয় ভ্রমণের জায়গা- **তারাপীঠ**(হোটেল), **দিঘা**(হোটেল/রিসোর্ট), **পুরী**(হোটেল/রিসোর্ট), **চিলকা**(হোটেল), **দার্জিলিং**,(হোটেল), **আলিপুরদুয়ার**(হোম স্টে), **খেজুরি-পূর্ব মেদিনীপুর**(বাগান বাড়ি), **আন্দামান**(হোটেল) । বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে। ফোন নং: **৯০৬২৮৬৭৯২১** ।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |